

মুক্তিকামনা

ঐ, বধির যবনিকা তুলিয়া, মোরে প্রভু,
দেখাও তব চির-আলোক-লোক।
ওপারে সবই ভালো, কেবল সুখ-আলো,
এ পারে সবই ব্যথা, আঁধার, শোক।
মাঝে দুস্তর কঠিন অন্তর,
শ্রান্ত পথিকেরে বলিছে 'সর সর',
ঐ, তোরোণপাদদেশে, পিপাসাতুর এসে,
ফিরে কি যাবে, লয়ে চির-বিয়োগ?
ঐ নিষ্ঠুর অর্গল, করুন শুভ-করে,
মুক্তি করি' দেহ, আতুর-দীন-তরে;
পিপাসা দিলে তুমি, তুমিই দিলে ক্ষুধা,
তোমারি কাছে আছে শক্তি-সুখ-সুধা;
পাবে, অধীর ব্যাকুলতা, তোমাতে সফলতা,
হউক তব-সনে অমরিতযোগ।